গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮৭.১৮-১৩৬

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪২৬ / ০৯ মার্চ ২০২০

বিষয়ঃ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সিটিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টরের ১৩ ক্যাটাগরির পদে নিয়োগের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র:

| | |
|---|---|
| (১) পিএসসি'র স্মারক নং- ৮০.০০.০০০০.১০৯.৩৬.০০৮.১৮-১৫৪, | তারিখ: ০৩/১২/২০১৮ খ্রি. |
| (২) টিএমইডি'র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৫.০৩৭.১৬.২৩৫, | তারিখ: ২৮/০৩/২০১৯ খ্রি. |
| (৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.১৯পলি:ইন্স:২৪ (স্টেপ). ১৪৫১, | তারিখ: ১১/০৬/২০১৯ খ্রি. |
| (৪) পিএসসি'র স্মারক নং- ৮০.১০৯.১১.০০.০০.০২.২০১৭(অংশ-১)-১২, | তারিখ: ০৫/০২/২০২০ খ্রি |

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সিটিটিউটের বিভিন্ন বিষয়ের জুনিয়র ইন্সট্রাক্টর পদের নিয়োগের জন্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৮৬২০/২০১৭, ১৮৬২১/২০১৭ ও ১৮৬২২/২০১৭ এর রায়ের প্রেক্ষিতে (সরকার তথা টিএমইডি কর্তৃক দায়েরকৃত) সিভিল পিটিশন নং- ৪৩২৮/২০১৮ ও ৪৩২৯/২০১৮ এবং রিট পিটিশন নং-১৫৪৭৭/২০১৮ মামলার রায় ও রিট পিটিশন নং-৩৫৬৫/২০১৯ মামলায় পিটিশনারদের (জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) এর ১১টি এবং জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) এর ০৫টি পদ) জন্য পদ সংরক্ষণ রাখার নিমিত্ত মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত স্থিতাবস্থার নির্দেশনার প্রেক্ষিতে পদসমূহের নিয়োগ কার্যক্রম সম্পাদনে কোন নিষেধাজ্ঞা/আইনগত বাধা আছে কিনা তা জরুরিভিত্তিতে কর্ম কমিশন-কে জানানোর জন্য সূত্রোক্ত (৪) নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

২। উল্লেখ্য- রিট পিটিশন নং-১৮৬২০/২০১৭, ১৮৬২১/২০১৭ ও ১৮৬২২/২০১৭ মামলা তিনটির একত্রে গত ০৫/৭/২০১৮ তারিখে ঘোষিত রায় এবং রিট পিটিশন নং-১৫৪৭৭/২০১৮ মামলায় গত ০৪/০৩/২০১৯ তারিখের রায়ের মধ্যে "The cases of the petitioners are covered by the principle of legitimate expectation and natural justice and the decision reported in 18 MLR (AD) 372" উল্লেখক্রমে রিট পিটিশনারগণের অনুকূলে রায় প্রদান করা হয়েছে।

৩। একইরূপ বিষয়ে তথা প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্নীকরণের জন্য দাবী করে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সমাপ্তকৃত "স্কিলস্ ডেভেলপমেন্ট প্রকল্প" (SDP) এর আওতায় খন্ডকালীন হিসেবে নিয়োগপ্রাপ্ত জনবলের পক্ষে জনৈক জনাব মোহাম্মদ শামসুদ্দীন গং (২৪১ জন) কর্তৃক প্রকল্প হতে রাজস্বখাতে চাকুরী নিয়মিতকরণ ও আত্মীকরণের দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৩০৫২/১৬ মামলা দায়ের হয়।

৪। উক্ত রিট পিটিশন নং-১৩০৫২/২০১৬ মামলায় গত ১১/০১/২০১৭ তারিখে বিভিন্ন মন্ত্রণালয় সংশ্লিষ্ট মোট ১৪টি মামলার সাথে উক্ত মামলাটি নিষ্পত্তি করে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়-

উক্ত Judgment এর এক জায়গায় উল্লেখ করা হয়েছে"..... the concerned authorities are directed to regularize/absorb the petitioners under the revenue budget with continuity of service and other benefits under the respective Ministries of the petitioners in accordance with law provided that they have requisite qualifications subject to availability of the same/equivalent posts as admissible in law as expeditiously as possible. With the above observations and directions, the Rules are disposed of"

৫। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ তথা টিএমইডি কর্তৃক আপিল বিভাগে সিপি নং-১২৬/২০১৮ দায়ের করা হলে উক্ত সিপি মামলাটি মহামান্য আপিল বিভাগের ০৬ (ছয়) জন বিচারকের সমন্বয়ে গঠিত বেঞ্চে গত ২০/০২/২০২০ তারিখে (প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/ নিয়মিতকরণ/আত্মীকরণ বিষয়ে) নিম্নরূপ রায়/আদেশ ঘোষিত হয়-

"Dispose of, Regulated in light of judgment delivered in C.A No. 460 of 2017 and C.P Nos. 990, 993 and 994 of 2018" অর্থাৎ C.A No. 460 of 2017 and C.P Nos. 990, 993 and 994 of 2018" মামলায় প্রদত্ত রায়ের আলোকে আলোচ্য সিপি ১২৬/১৮ মামলাটি নিষ্পত্তি করা হয়েছে (কপি সংযুক্ত)।

৬। এখানে উল্লেখ্য যে, একই বিষয়ে (চাকুরি প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্মীকরণের দাবীতে) প্রতিকার পাওয়ার দাবীতে প্রকল্পভূক্ত জনবল কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৭৪১/২০১৬, ৮৯২৫/২০১৬ ও ১৪৭৮০/২০১৬ মামলাসমূহে সরকারের বিপক্ষে ঘোষিত রায়ের বিরুদ্ধে সরকার কর্তৃক দায়েরকৃত সিপিএলএ নং ৯৯০/২০১৮, ৯৯৩/২০১৮ ও ৯৯৪/২০১৮ মামলায় একত্রে শুনানী শেষে গত ০৯/০২/২০২০ তারিখে মহামান্য আপিল আদালত কর্তৃক রায়/আদেশ প্রদান করা হয়। উক্ত রায়ের শেষাংশ নিম্নরূপ-

"However, sympathy, empathy of sentiment by itself, cannot be a ground for passing an order where the letigants miserably fail to establish legal right. It is ture that the respondents had been working for a long time, the same by itself would not be a ground for directing regularization of the service.

In view of the discussion made above, this Court is of the view that the writ petitioners are not entitled for any relief as sought for.

With the observations made above, all the civil petitions are disposed of. Judgments and orders impugned are hereby set aside অর্থাৎ মহামান্য আপিল বিভাগ কর্তৃক (চাকুরি প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্মীকরণ বিষয়ে) রিট পিটিশন নং ৭৭৪১/১৬, ৮৯২৫/১৬ ও ১৪৭৮০/১৬ মামলায় মহামান্য হাইকোর্টের রায়কে বাতিল করায় আপীল বিভাগের আদেশ সরকারের অনুকূলে ঘোষিত হয়েছে।

৭। যেহেতু সরকার পক্ষে (টিএমইডিসহ) দায়েরকৃত সিপি যথাক্রমে ১২৬/১৮, ৯৯০/২০১৮, ৯৯৩/২০১৮ ও ৯৯৪/২০১৮ মামলায় একই বিষয়ে তথা প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্মীকরণ সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়কে set aside অর্থাৎ বাতিল করে দেয়া হয়েছে এবং যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের 111 অনুচ্ছেদের মর্মমতে মহামান্য আপিল বিভাগ প্রদত্ত রায় হাইকোর্টসহ বাংলাদেশের সকল অধস্তন আদালতের উপর বাধ্যকর (Binding upon)। সেহেতু প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্নীকরণ সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায় বর্তমানে বাতিল এবং অকার্যকর বটে ।

চলমান পৃষ্ঠা/২

৮। এমতাবস্থায়, যেহেতু প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্তীকরণ সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায়কে মহামান্য আপিল বিভাগ কর্তৃক বাতিল করার কারণে প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তর/নিয়মিতকরণ/আত্তীকরণ সংক্রান্তে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রায় বর্তমানে বাতিল এবং অকার্যকর সেহেতু কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সিটিটিউটের বিভিন্ন বিষয়ের জুনিয়র ইন্সট্রাক্টর পদের নিয়োগের জন্য মহোদয় কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে পিএসসি-তে এ সংশ্লিষ্ট চলমান নিয়োগ সংক্রান্ত কার্যক্রম চলমান থাকার বিষয়ে কোন আইনগত বাধা আছে মর্মে প্রতীয়মান হয়না অর্থাৎ এ সংক্রান্তে নিয়োগ সংশ্লিষ্ট কার্যক্রম চলমান রাখা প্রয়োজন মর্মে নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১। সিপি নং- ৯৯০/২০১৮, ৯৯৩/২০১৮ ও ৯৯৪/২০১৮ এর রায়ের কপি-১১ পাতা।
২। রিট পিটিশন নং- ১৩০৫২/২০১৬ এর রায়ের ছায়ালিপি-২৩ পাতা।
৩। সিপি নং- ১২৬/২০১৮ এর নিষ্পত্তির নির্দেশনা-০২ পাতা।
৪। সংবিধানের ১১১ নং অনুচ্ছেদ এর ছায়ালিপি-০১ পাতা।

০৭/০৩/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

সচিব
বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

{দৃষ্টি আকর্ষণ: পরিচালক (ইউ-৯)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।